



ইলেকট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক-এর কার্যালয়

(বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)

বিসিসি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ০২-৮১৪৪০৪৬, ফ্যাক্সঃ ০২-৯১২৪৬২৬, ই-মেইলঃ info@cca.gov.bd, ওয়েবঃ www.cca.gov.bd

তারিখঃ ০৯-০৬-২০১১খ্রিঃ

নং-৩৯,১১০.০২২.০০.০০.১৪৭২.২০১১-১৮৭৬

ডিজিটাল সার্টিফিকেট ফি সংক্রান্ত গণ বিজ্ঞপ্তি

তথ্য প্রযুক্তি (সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ) বিধিমালা ২০১০ এর ৩১(১) উপবিধি এর ক্ষমতাবলে ইলেকট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক গ্রাহক পর্যায়ে নিম্নরূপে ডিজিটাল সার্টিফিকেটের সর্বোচ্চ ফি নির্ধারণ করিলেনঃ

সার্টিফিকেটের ধরণ	সর্বোচ্চ ফি (টাকায়)	ভ্যাট (১৫%)	ভ্যাটসহ সর্বোচ্চ ফি (টাকায়)
Class 0 - Test এ ধরণের সনদ শুধুমাত্র পরীক্ষামূলক কাজে ব্যবহার করা যাবে।	০	০	০
Class 1 - Individual এ ধরণের সনদ ব্যক্তি ব্যবহারকারীর ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং ই-মেইল, ডকুমেন্ট ও সমজাতীয় এ্যাপ্লিকেশনে স্বাক্ষরের জন্য ব্যবহার করা যাবে। অনলাইন অথবা সরাসরি আবেদনের মাধ্যমে এ সনদ সংগ্রহ করা যাবে। এ সনদ প্রদানের পূর্বে প্রযোজ্য ক্ষেত্রে অনলাইনে বা অফলাইনে ব্যক্তির পরিচয় (যেমনঃ ব্যক্তিগত ই-মেইল এবং/অথবা জাতীয় পরিচয় পত্র এবং/অথবা পাসপোর্ট এবং/অথবা টিন নম্বর) যাচাই করা হবে।	৭০০.০০	১০৫.০০	৮০৫.০০
Class 1 - Organization এ ধরণের সনদ প্রতিষ্ঠান/সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং প্রতিষ্ঠান/সংস্থার পক্ষে ই-মেইল, ডকুমেন্ট ও সমজাতীয় এ্যাপ্লিকেশনে স্বাক্ষরের জন্য ব্যবহার করা যাবে। উপযুক্ত প্রমাণ ও দলিলাদিসহ প্রতিষ্ঠান প্রধান/প্রতিষ্ঠান প্রধানের পক্ষে অনলাইন অথবা সরাসরি আবেদনের মাধ্যমে এ সনদ সংগ্রহ করা যাবে। এ সনদ প্রদানের পূর্বে প্রযোজ্য ক্ষেত্রে অনলাইনে বা অফলাইনে প্রতিষ্ঠানের পরিচয় যাচাই করা হবে।	১,০০০.০০	১৫০.০০	১,১৫০.০০
Class 2 - Individual এ ধরণের সনদ ব্যক্তি ব্যবহারকারীর ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং নিরাপদ ই-মেইল, নিরাপদ ই-লেনদেন, ডিজিটাল নথি/ ইলেকট্রনিক ফরম স্বাক্ষর, অনলাইনে ক্লায়েন্টের পরিচিতি প্রতিপাদন (Client Authentication)-এর জন্য ব্যবহার করা যাবে। অনলাইন অথবা সরাসরি আবেদনের মাধ্যমে এ সনদ সংগ্রহ করা যাবে। এ সনদ প্রদানের পূর্বে প্রযোজ্য ক্ষেত্রে অনলাইনে বা অফলাইনে ব্যক্তির পরিচয় (যেমনঃ নাম, ব্যক্তিগত ই-মেইল এবং/অথবা জাতীয় পরিচয় পত্র এবং/অথবা পাসপোর্ট এবং/অথবা টিন নম্বর) যাচাই করা হবে।	২,০০০.০০	৩০০.০০	২,৩০০.০০
Class 2 - Organization এ ধরণের সনদ প্রতিষ্ঠান/সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং প্রতিষ্ঠান/সংস্থার পক্ষে নিরাপদ ই-মেইল, নিরাপদ ই-লেনদেন, ডিজিটাল নথি/ ইলেকট্রনিক ফরম স্বাক্ষর, অনলাইনে ক্লায়েন্টের পরিচিতি প্রতিপাদন (Client Authentication)-এর জন্য ব্যবহার করা যাবে। উপযুক্ত প্রমাণ ও দলিলাদিসহ প্রতিষ্ঠান প্রধান/প্রতিষ্ঠান প্রধানের পক্ষে অনলাইন অথবা সরাসরি আবেদনের মাধ্যমে এ সনদ সংগ্রহ করা যাবে। এ সনদ প্রদানের পূর্বে প্রযোজ্য ক্ষেত্রে অনলাইনে বা অফলাইনে প্রতিষ্ঠানের পরিচয় যাচাই করা হবে।	৩,০০০.০০	৪৫০.০০	৩,৪৫০.০০

লাইসেন্সপ্রাপ্ত সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষসমূহ (সিএ) ভ্যাটসহ নির্ধারিত সর্বোচ্চ এই ফি সীমার মধ্যে গ্রাহকদের জন্য ডিজিটাল সার্টিফিকেটের ফি নির্ধারণ করবে।

(মোঃ মাহফুজুর রহমান)
নিয়ন্ত্রক